



শ্রেণিঃ দ্বিতীয়

বার্ষিক

বিষয়ঃ বাংলা (খামার বাড়ির পশুপাখি)

লেকচার শীট - ৩

তারিখঃ ০৭/১০/২০২০

- শিক্ষার্থীরা 'খামার বাড়ির পশুপাখি' গল্পটির ২য় অংশ (পাশেই পরান - আয় করেন) পড়বে ও বুঝবে।
- শিক্ষার্থীরা মূলশব্দ লিখবে।
মূলশব্দ ও মূলশব্দের অর্থঃ
পাহারা - নজরদারি করা
হুঙ্কা হুয়া - শিয়ালের ডাক
চুপি চুপি - লুকিয়ে লুকিয়ে
ঘেউ ঘেউ - কুকুরের ডাক
তাড়া - তাড়না দেওয়া
প্যাঁক প্যাঁক - হাঁসের ডাক
- মূলশব্দ দিয়ে ছোট ছোট প্রশ্ন করা হবে ও শিক্ষার্থীরা প্রশ্ন বুঝে উত্তর দিবে।
মূলশব্দ দিয়ে প্রশ্নঃ
 - ১। কে কুকুর পোষেন? উত্তরঃ মতিবিবি কুকুর পোষেন।
 - ২। কে খামারের মোরগ মুরগি পাহারা দেয়? উত্তরঃ মতিবিবির পোষা কুকুর খামারের মোরগ মুরগি পাহারা দেয়।
 - ৩। শিয়াল কেমন করে ডাকে? উত্তরঃ শিয়াল হুঙ্কা হুয়া, হুঙ্কা হুয়া করে ডাকে।
 - ৪। শিয়াল কেনো খামারের কাছে আসে? উত্তরঃ শিয়াল মুরগি খাওয়ার লোভে খামারের কাছে আসে।

- ৫। কুকুরটা কাকে তাড়া করে? উত্তরঃ কুকুরটা শিয়ালকে তাড়া করে।
- ৬। শীতল বড়ুয়ার কিসের খামার? উত্তরঃ শীতল বড়ুয়ার হাঁসের খামার।
- ৭। হাঁসেরা দল বেঁধে কোথায় নামে? উত্তরঃ হাঁসেরা দল বেঁধে পুকুরে নামে।
- ৮। হাঁসেরা কী খায়? উত্তরঃ হাঁসেরা শামুক খায়।

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী